রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে (জাহিলিয়্যাতের যুগে যাদু নষ্ট করার একটি পদ্ধতি) নুশরাহ সম্পর্কে জিজ্ঞাসা করা হলো? তিনি বললেন, তা শয়তানের কাজ।

জাবের রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত: “রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে (জাহিলিয়্যাতের যুগে যাদু নষ্ট করার একটি পদ্ধতি) নুশরাহ সম্পর্কে জিজ্ঞাসা করা হলো? তিনি বললেন, তা শয়তানের কাজ”। [সহীহ] [এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে যাদুগ্রস্থ ব্যক্তির চিকিৎসা জাহিলিয়্যাতের যুগে যেভাবে করা হতো যেমন যাদুকে যাদু দ্বারা চিকিৎসা করা ইত্যাদির বিধান সম্পর্কে জিজ্ঞাসা করা হলে তিনি উত্তরে বলেন, এটি শয়তানের কর্ম বা তার মাধ্যমে সংগঠিত হয়। কারণ, তা সাধারণত বিভিন্ন প্রকার যাদু এবং শয়তানী কর্ম দ্বারা হয়ে থাকে। এ গুলো সবই হলো শির্ক এবং হারাম। আর বৈধ নুসরাহ হলো ঝার-ফুঁক দ্বারা অথবা যাদু অনুসন্ধান করে তা কুরআন পড়তে পড়তে হাত দ্বারা নষ্ট করা অথবা বৈধ ঔষুধ দ্বারা যাদুর চিকিৎসা করা।

http://sunnah.global/hadeeth/bn/show/3402